ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমণিকা | ০৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র: | ০৪ |
| সেকশন ১ : রূপকল্প , অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর মধ্যে ২০১৯ সালের ....জুন............ মাসের ....২০................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# কেজিডিসিএল এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of KGDCL)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন:

কেজিডিসিএল গত ৩ বছরে ডিভিডেন্ড বাবদ ৩৫৮.৮৮ কোটি টাকা এবং কর হিসেবে ৫২৬.০২ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছে। ২০১৮-১৯ অর্থবছরে গ্যাস বিল বকেয়া ও অবৈধভাবে গ্যাস ব্যবহারের কারণে ৬২৫৮ টি গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। গ্রাহকের নিকট গ্যাস বিক্রয় বাবদ প্রাপ্য বিলের পরিমাণ ২.২৫ মাসের বিক্রয়ের সমপরিমাণের নিচে নামিয়ে আনা হয়েছে। কোম্পানীর কর্মকর্তাদের আবাসন সুবিধা নিশ্চিতকল্পে নগরীর চান্দগাঁও এলাকায় একটি বহুতল ভবন নির্মাণ করা হয়েছে। আবাসিক খাতে গ্যাসের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত ও অপচয় হ্রাসকল্পে নগরীর ৬০,০০০ আবাসিক সংযোগে অত্যাধুনিক প্রযুক্তির প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় দৈনিক গ্যাস চাহিদা প্রায় ৫০০ মিলিয়ন ঘনফুট। উপর্যুক্ত চাহিদার বিপরীতে দৈনিক সরবরাহ গড়ে প্রায় ৩০০ মিলিয়ন ঘনফুট। সরকারি আবাসনসমূহে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কর্তনকৃত বকেয়া গ্যাস বিল আদায়, সরকারি পাটকলসমূহ কেপিএম, চিটাগাং স্টীল মিল, বিদ্যুৎ বিভাগ ও অপরাপর সরকারি প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর খেলাপী গ্রাহকের বকেয়া বিল আদায়। আমদানিকৃত এলএনজি কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় সংস্থানের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ। গ্রাহক পর্যায়ে জ্বালানি সাশ্রয়ী অত্যাধুনিক সরঞ্জাম ব্যবহার নিশ্চিতকরণ।

### ভবিষ্যৎ পরিকল্পনা:

কেজিডিসিএল'র বিতরণ লাইনের আপগ্রেডেশন, কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় আমদানিকৃত এলএনজি সংস্থানের জন্য ১০" ব্যাসের ১৬ কি.মি. নতুন গ্যাস পাইপলাইন নির্মাণ এবং ৭টি আরএমএস আপগ্রেডেশন; মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহ; আনোয়ারা সিজিএস হতে কাফকো, সিইউএফএল এবং এসপিএস পযন্ত ১৬" ব্যাসের ২৫ কি.মি. ডেডিকেটেড পাইপলাইন নির্মাণ; চট্টগ্রাম নগরীর জিইসি এলাকায় সিডিএ এভিনিউ সংলগ্ন সড়কের পাশে ভবন নির্মাণ; কর্মকর্তাদের আবাসন সমস্যা নিরসনে ভবন নির্মাণ; বৃহৎ শিল্প গ্রাহকসহ বিভিন্ন শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও সিএনজি গ্রাহকদের সিএমএস এ মিটার ক্যাবিনেট ও মিটার প্রোটেক্টর স্থাপন; গ্যাস পাইপ লাইন নেটওয়ার্ক নির্মাণ এবং পর্যায়ক্রমে কোম্পানির সম্পূর্ণ বিতরণ নেটওয়ার্কের ডিজিটাল ম্যাপ নির্মাণ; কোম্পানির টিবিএস ও ডিআরএসসহ বিভিন্ন গ্রাহকের সিএমএসগুলোর মেরামত কাজ যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেয়ার পার্টস বিদেশ থেকে সংগ্রহ এবং ২০১৯ সালের পর দৈনিক ৮০০/৯০০ MMCF গ্যাস গ্রাহক পর্যায়ে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

### ২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- গ্যাস বিক্রয় ১০০ বিসিএফ;
- বকেয়া পাওনা কত মাসের গড় বিক্রয়ের সমতুল্য-৩;
- নতুন সংযোগ প্রদান করা ৮০ টি;
- নতুন গ্যাস পাইপ লাইন নির্মাণ ১০ কি.মি.;
- অবৈধ ও খেলাপি গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা ৪০০০টি;
- ইভিসি যুক্ত মিটার স্থাপন ২৫ টি; এবং
- মানব সম্পদ উন্নয়ন ৩০০ জন।

## সেকশন ১:

কেজিডিসিএল-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

### ১.১ রূপকল্প:

সকল গ্রাহককে নিরবচ্ছিন্ন প্রাকৃতিক গ্যাস বিতরণ।

### ১.২ অভিলক্ষ্য:

সাশ্রয়ী, নিরাপদ ও নিরবচ্ছিন্নভাবে কেজিডিসিএল আওতাভুক্ত এলাকার গ্রাহকগণকে প্রাকৃতিক গ্যাস সরবরাহ।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:

**১.৩.১ কেজিডিসিএল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা;

২. জ্বালানির সাশ্রয়ী ব্যবহার এবং অপচয় রোধ ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং

৩. মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি; এবং

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী:

১.৪.১ গ্যাস আইন ২০১০, গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ এবং অন্যান্য সরকারি নিয়মনীতি মোতাবেক গ্যাস বিপণন;

১.৪.২ কেজিডিসিএল এর আওতাভুক্ত এলাকায় প্রাকৃতিক গ্যাস সরবরাহের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা;

১.৪.৩ কেজিডিসিএল এর আওতাভুক্ত এলাকায় বিদ্যমান গ্যাস বিতরণ পাইপলাইন এর আপগ্রেডেশন;

১.৪.৪ কেজিডিসিএল এর আওতাভুক্ত এলাকায় টিবিএস/ডিআরএস এর আপগ্রেডেশন;

১.৪.৫ সরকারি বিধি-বিধান অনুসারে কেজিডিসিএল আওতাভুক্ত এলাকার গ্রাহকগণের নিকট প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা;

১.৪.৬ সরকারি বিধি-বিধান অনুসারে রাজস্ব আদায় করা;

১.৪.৭ সরকারি বিধি-বিধান অনুসারে রাষ্ট্রীয় কোষাগারে রাজস্ব জমা করা।

১.৪.৮ জরুরী গ্রাহক চাহিদা ও সেবা নিশ্চিত করা ।

১.৪.৯ কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ, আরএমএস ও সিএমএস স্থাপন এবং গ্যাস পরিমাপ পদ্ধতি আধুনিকায়ন ইত্যাদি।

১.৪.১০ গ্রাহক সেবা নিশ্চিতকল্পে সকল কার্যক্রম পরিচালনা তথা জরুরী গ্যাস নিয়ন্ত্রণ, সিএমএস ও ডিআরএস রক্ষণাবেক্ষণ, বিল পরিশোধ পদ্ধতি সহজিকরণ, বিভিন্ন প্রকার প্রচার মাধ্যমে গ্রাহক সেবা সংশ্লিষ্ট তথ্যাদি/নির্দেশনা সংশ্লিষ্ট সতর্কীকরণ, গুচ্ছ সিলিন্ডার বন্ধে করণীয়, অবৈধ গ্যাস সংযোগ বন্ধে করণীয় এবং দুর্ঘটনারোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং

১.৪.১১. মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২১ রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে গ্যাসের অপচয় রোধ এবং প্রকৃত গ্যাস ভোগ পরিমাপকল্পে গ্রাহকের আঙ্গিনায় আধুনিক মানসম্মত ইভিসি মিটার ও প্রি-পেইড মিটার স্থাপন করা।

## সেকশন-২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target /Criteria Value for FY 2019-20 ) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ * | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| কেজিডিসিএল-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১.জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা | ৫০ | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] বিক্রয়কৃত গ্যাসের পরিমাণ | বিসিএফ | ২৫ | ৮৫.১৮ | ৮৪.১৯ | ১০০.০০ | ৯০.০০ | ৮০.০০ | ৭০.০০ | ৬০.০০ | ১২০ | ১৩০ |
| | | [১.২] বকেয়া পাওনা কত মাসের গড় বিক্রয়ের সমতুল্য | [১.২.১] বকেয়া সমতুল্য মাস | সংখ্যা | ১৫ | ১.৯৮ | ২.২৫ | ৩.০০ | ৩.২০ | ৩.৪০ | ৩.৬০ | ৩.৮০ | ৩.০০ | ৩.০০ |
| | | [১.৩] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগকৃত সংখ্যা | সংখ্যা | ৫ | - | ৮৪ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ১৪০ | ১৫০ |
| | | [১.৪] নতুন গ্যাস পাইপলাইন নির্মাণ | [১.৪.১] নির্মিত পাইপলাইন এর দৈর্ঘ্য | কি.মি. | ৫ | - | ৪৭.৯৮ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৮ |
| জ্বালানির সাশ্রয়ী ব্যবহার এবং অপচয় রোধ ব্যবস্থা নিশ্চিতকরণ | ২০ | [২.১] অবৈধ ও খেলাপি গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | [২.১.১] বিচ্ছিন্নকৃত সংযোগ সংখ্যা | সংখ্যা | ১৫ | ৭,৬৬৩ | ৬,২৫৮ | ৪,০০০ | ৩,৬০০ | ৩,২০০ | ২,৮০০ | ২,৪০০ | ৪২০০ | ৪৫০০ |
| | | [২.২] ইভিসি যুক্ত মিটার স্থাপন | [২.২.১] স্থাপনকৃত ইভিসি যুক্ত মিটার | সংখ্যা | ৫ | ৩০ | ২৪ | ২৫ | ২৩ | ২০ | ১৭ | ১৫ | ৩০ | ৩৫ |
| ৩. মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি করা | ১০ | [৩.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | সংখ্যা | ১০ | ৯৫১ | ৬২৯ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩৫০ | ৪০০ |

*সাময়িক

# কেজিডিসিএল এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৯-২০ (Target Value 2019-20) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই' ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ১ আগস্ট, ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি ২০২০ | ১৬ জানুয়ারি ২০২০ | ১৭ জানুয়ারি ২০২০ | ২০ জানুয়ারি ২০২০ | ২১ জানুয়ারি ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিস্পত্তিকৃত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকরণ | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ / ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | [২.৩.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৯-২০ (Target Value 2019-20) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল), চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড | ২০/০৬/২০১৯<br>তারিখ |
| চেয়ারম্যান<br>বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) | ২০/০৬/২০১৯<br>তারিখ |

# শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বর্ণনা |
|---|---|---|
| ১. | কেজিডিসিএল | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ২. | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফিট |
| ৩. | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন |
| ৪. | বিপিআই | বাংলাদেশ পেট্রোলিয়াম ইনষ্টিটিউট |
| ৫. | বিটিইউ | ব্রিটিশ থার্মাল ইউনিট |
| ৬. | ইএমআরডি | এনার্জি এন্ড মিনারেল রিসোর্সেস ডিভিশন |
| ৭. | কেপিএম | কর্ণফুলী পেপার মিলস্ |
| ৮. | সিএমএস | কাস্টমার মিটারিং স্টেশন |
| ৯. | ডিআরএস | ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন |
| ১০. | এলএনজি | লিক্যুইফাইড ন্যাচারাল গ্যাস |
| ১১. | টিবিএস | টাউন বর্ডারিং স্টেশন |
| ১২. | জিআইএস | জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম |
| ১৩. | ইভিসি | ইলেকট্রনিক ভলিউম কারেক্টর |
| ১৪. | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড |
| ১৫. | বিজিএফসিএল | বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড |
| ১৬. | এসজিএফএল | সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড |
| ১৭. | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড |
| ১৮. | এসআইপি | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প |
| ১৯. | পিআরএল | পোস্ট রিটায়ারমেন্ট লিভ |
| ২০. | পিআই | পারফরমেন্স ইনডিকেটর |
| ২১. | ই-নথি | ইলেকট্রনিক নথি |
| ২২. | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ২৩. | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড |
| ২৪. | কি.মি. | কিলোমিটার |
| ২৫. | সিইউএফএল | চিটাগং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড |
| ২৬. | কাফকো | কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী |
| ২৭. | জিইসি | জেনারেল ইলেক্ট্রিক কোম্পানী |
| ২৮. | এমএমসিএফ | মিলিয়ন কিউবিক ফিট |
| ২৯. | এসডি | সাপ্লিমেন্টারি ডিউটি |
| ৩০. | ভ্যাট | ভ্যালু এডেড ট্যাক্স |
| ৩১. | এপিএ | এন্যুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট |
| ৩২. | এসপিএস | শিকলবাহা পাওয়ার স্টেশন |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | [১.১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] গ্যাস বিক্রয়ের পরিমান | কোম্পানির মোট বাৎসরিক গ্যাস বিক্রয়ের পরিমাণ | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ২. | [১.২.১] বকেয়া আদায় | [১.২.১] বকেয়ার পরিমাণ | মোট বকেয়া টাকায়/ মাসিক গড় গ্যাস বিক্রয়ের পরিমাণ টাকায় | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ফাইনান্স ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৩. | [১.৩.১] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগ সংখ্যা | কোম্পানির মোট বাৎসরিক গ্যাস সংযোগ সংখ্যা | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৪. | [১.৪.১] নতুন পাইপলাইন নির্মাণ | [১.৪.১] পাইপলাইন এর দৈর্ঘ্য | কোম্পানির মোট বাৎসরিক নির্মাণকৃত গ্যাসপাইপ লাইনের পরিমাণ | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, কেজিডিসিএল<br>৩. নেটওয়ার্ক আপগ্রেডেশন প্রকল্প, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৫. | [১.৫.১] সিস্টেম লস | [১.৫.১] গ্যাস ক্রয় ও বিক্রয় এর পার্থক্য | বাৎসরিক গ্যাস ক্রয় ও বিক্রয় এর শতকরা পার্থক্য | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ফাইনান্স ডিভিশন, কেজিডিসিএল<br>৩. ভিজিল্যান্স ডিপার্টমেন্ট, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৬. | [২.১.১] অবৈধ ও খেলাপী গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | [২.১.১] বিচ্ছিন্নকৃত সংযোগ | বাৎসরিক গ্যাস সংযোগ বিচ্ছিন্নের মোট সংখ্যা | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, কেজিডিসিএল<br>৩. ফাইনান্স ডিভিশন, কেজিডিসিএল<br>৪. ভিজিল্যান্স ডিপার্টমেন্ট, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৭. | [২.২.১] ইভিসি যুক্ত মিটার স্থাপন করা | [২.২.১] ইভিসি যুক্ত মিটার | বাৎসরিক ইভিসি যুক্ত মিটার স্থাপন সংখ্যা | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৮. | [৩.১.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] জনবল প্রশিক্ষিত | কর্মকর্তা/কর্মচারীবৃন্দের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার/ ওয়ার্কশপে অংশ গ্রহণ, সংশ্লিষ্ট উচ্চশিক্ষা প্রদান | ১. প্রশাসন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |

## সংযোজনী ৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কাযক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| পেট্রোবাংলা | [১.১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] গ্যাস বিক্রয়ের পরিমাণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | গ্রাহকের নিকট গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে এবং এর ফলে গ্রাহকগণের মধ্যে অসন্তোষ/অস্থিরতা তৈরি হতে পারে। |
| জিটিসিএল | | | চাহিদা অনুযায়ী গ্যাসের সরবরাহ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| বিজিএফসিএল | | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলন | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| এসজিএফএল | | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলন | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| বাপেক্স | | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | [১.৩.১] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগ সংখ্যা | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | সংযোগ বন্ধের কারণে জনসাধারণের নিকট গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে। |
| পেট্রোবাংলা | [১.৪.১] নতুন পাইপলাইন নির্মাণ | [১.৪.১] পাইপলাইন এর দৈর্ঘ্য | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | সময়মতো পাইপ লাইন নির্মাণ বা প্রকল্প বাস্তবায়ন না হলে নতুন এলাকায় গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে। |
| পরিকল্পনা কমিশন | | | প্রকল্প অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | | | বৈদেশিক অর্থায়নের জন্য দাতা সংস্থা সমূহের সাথে যোগাযোগ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| অর্থ বিভাগ | | | ফান্ড অনুমোদন ও অর্থ ছাড়করণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| বন ও পরিবেশ মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর | | | প্রকল্পের পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র ইস্যু | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | [২.১.১] অবৈধ ও খেলাপী গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | [২.১.১] বিচ্ছিন্নকৃত সংযোগ | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা না গেলে বকেয়া আদায় সম্ভব হবে না এবং কোম্পানির নগদ প্রবাহ কমে যাবে। |
| বাংলাদেশ পুলিশ | | | নিরাপত্তা নিশ্চিতকরণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| স্থানীয় প্রশাসন | | | নিরাপত্তা নিশ্চিতকরণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | [২.২.১] ইভিসি যুক্ত মিটার স্থাপন করা | [২.২.১] ইভিসি যুক্ত মিটার স্থাপন | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | ইভিসি যুক্ত মিটার স্থাপন বিঘ্নিত হবে। |
| পেট্রোবাংলা | [৩.১.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] জনবল প্রশিক্ষিত | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | দক্ষ মানব সম্পদ উন্নয়ন ব্যহত হবে। |